



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার বিল অটোমেশন ও কেন্দ্রীয় স্টোর ডিজিটাইলেশন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার বিল অটোমেশন ও কেন্দ্রীয় স্টোর ডিজিটাইলেশন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৬ অক্টোবর সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন সফটওয়্যার সেলের চীফ টেকনিক্যাল অফিসার হাসনাইন। এতে অংশ নেন বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক ও দপ্তর প্রধানগণ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক এন্ড আইটি অফিসের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল। উল্লেখ্য ইতিপূর্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ডিজিটাইলেশনের অংশ হিসেবে লাইব্রেরী অটোমেশন, পরীক্ষার ফলাফল প্রকাশ অটোমেশন, অর্থ দপ্তর অটোমেশন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড প্রদান, শিক্ষার্থীদের অফিসিয়াল ইমেল আইডি প্রদান, ক্যাম্পাস জুড়ে সিকিউরিটি সার্ভিলেন্স সিস্টেম স্থাপন ও অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন কার্যক্রম চালু করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস